রেজিস্টার্ড ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারী আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
www.doga.gov.bd

নথি নং-২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৮.১২(বি)/ -২৬৬(৮) তারিখঃ ১২ আষাঢ় ১৪৩২ / ২৬ জুন ২০২৫

# 'অফিস আদেশ'

জনাব মোঃ আজহারুল ইসলাম সরকার, অফিস সহায়ক (সংযুক্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে কর্মরত),সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়,ঢাকা; স্থায়ী ঠিকানা-পিতা-মরহুম রমিজ উদ্দীন সরকার, গ্রাম-মানিক কান্দি, পোষ্ট-ইছাপুর, থানা-দাউদকান্দি, জেলা-কুমিল্লা। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখা-৩ হতে প্রাপ্ত পত্রের মর্মানুসারে দেখা যায়, তিনি তার পদায়নকৃত কর্মস্থল গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে গত ১৩-০৪-২০২১ হতে ১৯-১০-২০২৪ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ০৩(তিন) বছর ০৬(ছয়) মাস ০৭(সাত) দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২(চ) অনুযায়ী 'পলায়ন (desertion)' এর আওতাভুক্ত। অভিযোগটি গুরুতর বিধায় মোঃ আজহারুল ইসলাম সরকার, অফিস সহায়ক-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৩(গ) মোতাবেক'পলায়ন (desertion)' এর অভিযোগে ০৫/২০২৪ নম্বর বিভাগীয় মামলা রুজু করতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠন করা হয়।

জনাব মোঃ আজহারুল ইসলাম সরকার, অফিস সহায়ক (সংযুক্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে কর্মরত) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়ে এ পরিদপ্তরের ০-১-০১-২০২৫ তারিখের ২৫.৪৩.০০০০. ০০১.০২.০৩৮.১২(বি)/০২নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ তার স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রেরণ করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহী কিনা তা জবাবে উল্লেখ করতে বলা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ব্যক্তিগত শুনানীর অভিপ্রায় ব্যক্ত করায় গত ০৬-০৩-২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়ে কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনীতে প্রদত্ত জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় উক্ত বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

সরকারী আবাসন পরিদপ্তরের ২৮-০৫-২০২৫ তারিখের ২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৮.১২(বি)/২৩১ নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি-৭ এর উপবিধি-৯ আওতায় কেন তার বিরুদ্ধে একই বিধিমালার বিধি-৪(৩) এর উপ-বিধি-১ এর 'ক' তথা 'নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' এর অংশ হিসেবে তাকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বর্তমান গ্রেড ২০ এবং মূল বেতন ১৪৯০০/- টাকা এর স্থলে একই গ্রেডের মূল বেতন ৮২৫০/- টাকায় আদেশ জারীর তারিখ হতে ০১(এক) বৎসরের জন্য অবনমিতকরণ করা হবে না; ৭(সাত) কার্যদিবস সময় প্রদান করে ২য় শোকজ নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি উক্ত ২য় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। দাখিলকৃত ২য় কারণ দর্শনোর জবাব ও তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত তারিখগুলোতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আজহারুল ইসলাম সরকার, অফিস সহায়ক এর বিরুদ্ধে "পলায়ন (desertion)" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৫/২০২৪ এর বিষয়ে সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মচারীর দাখিলকৃত ১ম কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত লিখিত বক্তব্য, ২য় কারণ দর্শানোর জবাব এবং চাকরি বিবরণীসহ প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি-১ এর 'ক' অনুযায়ী তাকে 'নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' এর অংশ হিসেবে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বর্তমান গ্রেড ২০ এবং মূল বেতন ১৪৯০০/- টাকা এর স্থলে একই গ্রেডের মূল বেতন ৮২৫০/- টাকায় আদেশ জারীর তারিখ হতে ০১(এক) বৎসরের জন্য অবনমন করা হলো এবং অভিযোগনামায় বর্ণিত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময় (০৩(তিন) বছর ০৬(ছয়) মাস ০৭(সাত) দিন) বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে বিভাগীয় মামলা নং-০৫/২০২৪ নিষ্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে এ বকেয়া প্রাপ্য হবেন না।

২৫/৬/২০২৫

(মোঃ আসাদুজ্জামান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স: ০২-৯৫৪৬৪৬৩
ইমেইল: director@doga.gov.bd

নথি নং-২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৮.১২(বি)/ — ২৬৬(৮) তারিখঃ ১২ আষাঢ় ১৪৩২ / ২৬ জুন ২০২৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব,প্রশাসন অধিশাখা-৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,২য় ১২তলা সরকারী অফিস ভবন,সেগুনবাগিচা, ঢাকা।
৪। সহকারী পরিচালক, আইসিটি শাখা,সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অভিযোগ বিবরণী গঠন করা হয়।

জনাব মোঃ আজহারুল ইসলাম সরকার, অফিস সহায়ক (সংযুক্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে কর্মরত) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়ে এ পরিদপ্তরের ০-১-০১-২০২৫ তারিখের ২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৮.১২(বি)/০২নং স্মারকে কারণ দর্শানোর নোটিশ তার স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রেরণ করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী প্রদানে আগ্রহী কিনা তা জবাবে উল্লেখ করতে বলা হয়। তৎপ্রেক্ষিতে তিনি ব্যক্তিগত শুনানীর অভিপ্রায় ব্যক্ত করায় গত ০৬-০৩-২০২৫ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়ে কারণ দর্শানোর জবাব ও ব্যক্তিগত শুনীতে প্রদত্ত জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় উক্ত বিভাগীয় মামলার অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

সরকারী আবাসন পরিদপ্তরের ২৮-০৫-২০২৫ তারিখের ২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৮.১২(বি)/২৩১ নং স্মারকমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ বিধি-৭ এর উপবিধি-৯ আওতায় কেন তার বিরুদ্ধে একই বিধিমালার বিধি-৪(৩) এর উপ-বিধি-১ এর 'ক' তথা 'নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' এর অংশ হিসেবে তাকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বর্তমান গ্রেড ২০ এবং মূল বেতন ১৪৯০০/- টাকা এর স্থলে একই গ্রেডের মূল বেতন ৮২৫০/- টাকায় আদেশ জারীর তারিখ হতে ০১(এক) বৎসরের জন্য অবনমিতকরণ করা হবে না; ৭(সাত) কার্যদিবস সময় প্রদান করে ২য় শোকজ নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিঃ ডাকযোগে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে তিনি উক্ত ২য় কারণ দর্শানোর জবাব দাখিল করেন। দাখিলকৃত ২য় কারণ দর্শনোর জবাব ও তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে অভিযোগনামায় বর্ণিত তারিখগুলোতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ আজহারুল ইসলাম সরকার, অফিস সহায়ক এর বিরুদ্ধে "পলায়ন (desertion)" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৫/২০২৪ এর বিষয়ে সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মচারীর দাখিলকৃত ১ম কারণ দর্শানোর জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত লিখিত বক্তব্য, ২য় কারণ দর্শানোর জবাব এবং চাকরি বিবরণীসহ প্রাসঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা,২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি-১ এর 'ক' অনুযায়ী তাকে 'নিম্নপদ বা নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' এর অংশ হিসেবে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বর্তমান গ্রেড ২০ এবং মূল বেতন ১৪৯০০/- টাকা এর স্থলে একই গ্রেডের মূল বেতন ৮২৫০/- টাকায় আদেশ জারীর তারিখ হতে ০১(এক) বৎসরের জন্য অবনমন করা হলো এবং অভিযোগনামায় বর্ণিত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময় (০৩(তিন) বছর ০৬(ছয়) মাস ০৭(সাত) দিন) বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে বিভাগীয় মামলা নং-০৫/২০২৪ নিষ্পত্তি করা হলো। তিনি ভবিষ্যতে এ বকেয়া প্রাপ্য হবেন না।

২৫/৬/২০২৫

(মোঃ আসাদুজ্জামান)
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: +৮৮০২৫৫১০১০৩৭
ফ্যাক্স: ০২-৯৫৪৬৪৬৩
ইমেইল: director@doga.gov.bd

নথি নং-২৫.৪৩.০০০০.০০১.০২.০৩৮.১২(বি)/ — ২৬৬(৮)

তারিখঃ ১২ আষাঢ় ১৪৩২ / ২৬ জুন ২০২৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপসচিব,প্রশাসন অধিশাখা-৩, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়,২য় ১২তলা সরকারী অফিস ভবন,সেগুনবাগিচা, ঢাকা।
৪। সহকারী পরিচালক, আইসিটি শাখা,সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১/২ ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৬। হিসাব রক্ষক, ক্যাশ ও বিল শাখা, সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অতিরিক্ত পরিচালকের ব্যক্তিগত সহকারী, সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। অফিস ফ্রন্ট ডেস্ক, সহকারী,সরকারী আবাসন পরিদপ্তর,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। জনাব মোঃ আজহারুল ইসলাম সরকার,অফিস সহায়ক, সরকারী আবাসন পরিদপ্তর,(সংযুক্তিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্মরত),ঢাকা। স্থায়ী ঠিকানাঃ জনাব মোঃ আজহারুল ইসলাম সরকার,পিতা-মরহুম রফিজ উদ্দীন সরকার,গ্রাম-মানিক কান্দি, পোষ্ট-ইছাপুর, থানা-দাউদকান্দি,জেলা-কুমিল্লা।
১০। ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

২৬/৬/২০২৫

আব্দুল্লাহ্-আল-মোমীন
সহকারী পরিচালক(প্রশাঃ)।